সিটিএসবি, রাজশাহী	
পুলিশ কমিশনার	
এসএসপি	
এসি	
সিআই	
প্রধান সহঃ	
রিসিভ নং	
তারিখঃ-	২৬/৫/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
কাজীহাটা, রাজশাহী-৬০০০
www.rmp.gov.bd

স্মারক নং- আরএমপি/প্রশা/নিয়োগ/১৮-৭৮/২০১৮/১৬৬৩ তারিখ- ২৪ মে ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৫/০৪/২০১৮ খ্রি. তারিখের ৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৬.১৮-২৬৬ নং স্মারক এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার ৩০/০৪/২০১৮ খ্রি. তারিখের ৪৪.০১.০০০০.০০৯.৩১.০০১-২০১৭/৭৪৯(৩) নং স্মারক মোতাবেক পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী এর কার্যালয়ে নিম্নবর্ণিত ৩য় শ্রেণির দাপ্তরিক কর্মচারীর শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে প্রচলিত নিয়োগ বিধি ও শর্তানুযায়ী অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য রাজশাহী বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১।	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	১(এক) টি	টাকা ১১,০০০-২৬,৫৯০/-	ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।
২।	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)	৩(তিন) টি	টাকা ১০,২০০-২৪,৬৮০/-	ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।
৩।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	৯(নয়) টি	টাকা ৯,৩০০-২২,৪৯০/-	ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।

শর্তাবলি

১। এক পাতার নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র www.rmp.gov.bd ওয়েবসাইটে এবং এ কার্যালয়ের প্রশাসন শাখায় পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা এবং চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রাজশাহী বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। ১ ও ২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য প্রার্থীকে সাঁটলিপি লিখন ও কম্পিউটার চালনায় এবং ৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে।

৪। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৫। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।

৬। খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।

৭। বিভাগীয় (চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৮। **আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:**

(ক) সম্প্রতি তোলা ০২(দুই) কপি ৫×৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং ০১(এক) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি আবেদন পত্রের নির্ধারিত স্থানে স্ট্যাপলার মেশিন দ্বারা সংযুক্ত করতে হবে।

(খ) প্রার্থীকে ১/২২১১/০০০০/২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/-(দশ) টাকার ডাকটিকেট লাগানো ৯.৫˝ × ৪˝ সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

(ঘ) স্বহস্তে পূরণকৃত প্রবেশপত্র। প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে ৫×৫ সে.মি. আকারের ০১(এক) কপি রঙ্গিন ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

(ঙ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি আবেদনের সাথে জমা দিতে হবে।

৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ১৯/০৬/২০১৭ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে জারিকৃত পরিপত্র এবং ১৭/০১/২০১৮ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/২৫ নং স্মারকে জারিকৃত সংশোধিত পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
		(নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ)	১। লাল মুক্তিবার্তা নম্বর: ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর: ৩। গেজেট নম্বর ও তারিখ: ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ: ৫। বামুস সনদের নম্বর ও তারিখ: (ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে)	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ: ২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ: ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ: ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ:	

১০। **লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

(ক) সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

(খ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি (অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে)।

(গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) ১ ও ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য শর্টহ্যান্ড ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।

(চ) ৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।

(ছ) মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে অস্থায়ী নিয়োগ প্রদান করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই শেষে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে অস্থায়ী নিয়োগ বাতিল হবে এবং গৃহীত সমূদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন মর্মে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানের সময় ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারী পাবলিকের মাধ্যমে অঙ্গীকারনামা দাখিল করবেন।

(জ) মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তাঁর প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১(এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোন মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

(ঝ) ৯ নং অনুচ্ছেদের ছকে বর্ণিত কাগজপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১১। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

১২। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

১৩। আগামী ২৮/০৬/২০১৮ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। সরাসরি এ কার্যালয়ে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। মিথ্যা, ভুয়া, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৪। প্রার্থীর বয়সসীমা ২৮/০৬/২০১৮ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। অন্যথায় তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে। কোটার দাবিদার প্রার্থীদের সনদ/প্রমাণপত্র বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কম বা বেশি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। আবেদন পত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা।

২৪।০৫।১৮

(মোঃ সুজায়েত ইসলাম)
বিপি নং-৬৮৯৯০৮২৭৭৮
পুলিশ কমিশনার (ভারপ্রাপ্ত)
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ
রাজশাহী
ফোন : ৭৭৬৩৮৬ ফ্যাক্স: ৭৭৪৪৬০
E-mail : pcrmp@police.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
কাজীহাটা, রাজশাহী-৬০০০
www.rmp.gov.bd

স্মারক নং- আরএমপি/প্রশা/নিয়োগ/১৮-৭৮/২০১৮/১৬৬৩/১(৩০) তারিখ- ২৪ মে ২০১৮

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা ও দায়রা জজ, রাজশাহী।
৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫. ডেপুটি ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
৬. এআইজি(এ্যাডমিনিস্ট্রেশন/পার্সোনেল ম্যানেজমেন্ট-২), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

অনুলিপিঃ বহুল প্রচারের জন্য

৭. ডেপুটি কমিশনার, রাজশাহী।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
৯. পুলিশ সুপার, রাজশাহী/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/বগুড়া/জয়পুরহাট/পাবনা/সিরাজগঞ্জ।
১০. উপ-পুলিশ কমিশনার (পিওএম/সিটিএসবি), রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী। (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)
১১. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১ ও ২/সড়ক ও জনপথ/এলজিইডি, রাজশাহী।
১২. সিভিল সার্জন, রাজশাহী।
১৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১৪. সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১৫. অধ্যক্ষ, সরকারি কমার্শিয়াল ইন্সটিটিউট, নওদাপাড়া, রাজশাহী।
১৬. ....
১৭. অফিস নথি।

২৪/০৫/১৮

(মোঃ সুজায়েত ইসলাম)
বিপি নং-৬৮৯৯০৮২৭৭৮
পুলিশ কমিশনার (ভারপ্রাপ্ত)
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ
রাজশাহী
ফোন : ৭৭৬৩৮৬ ফ্যাক্সঃ ৭৭৪৪৬০
E-mail : pcrmp@police.gov.bd

বরাবর

....

....

....

চাকরির আবেদন ফরম

ছবি
(ক) ৫×৫ সে.মি. আকারের সম্প্রতি তোলা দুই কপি সত্যায়িত রঙ্গিন ছবি এবং (খ) স্ট্যাম্প সাইজের এক কপি রঙ্গিন ছবি স্ট্যাপল করতে হবে

১.	পদের নাম:									
২.	বিজ্ঞপ্তির নম্বর:	তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র

৩.	প্রার্থীর নাম:	বাংলায়:	
		ইংরেজিতে (বড় অক্ষরে):	
৪.	জাতীয় পরিচয় নম্বর:		(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:		

৫.	জন্ম তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র	৬. জন্মস্থান (জেলা):

৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর	মাস	দিন
৮.	মাতার নাম:			
৯.	পিতার নাম:			

১০.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/নম্বর):		
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়ন/ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোস্টকোড নম্বর:		
	উপজেলা/থানা:		
	জেলা:		
১১.	যোগাযোগ:	মোবাইল/টেলিফোন নম্বর:	ই-মেইল (যদি থাকে):

১২.	জাতীয়তা:	১৩.	জেন্ডার:
১৪.	ধর্ম:	১৫	পেশা:

১৬. শিক্ষাগত যোগ্যতা:

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭. অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):

১৮. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

১৯.	কোটা (টিক দিন):	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন):

২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর:	তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র
	ব্যাংক ও শাখার নাম:									

২১.	বিভাগীয় (চাকরিরত) প্রার্থী কিনা (টিক দিন):	হ্যাঁ	না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
কাজীহাটা, রাজশাহী-৬০০০
www.rmp.gov.bd

ছবি
(৫×৫ সে.মি. আকারের ০১ কপি রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে)

লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র

অফিস কর্তৃক পূরণীয়:	আবেদনকারী কর্তৃক স্বহস্তে পূরণীয়:
রোল নম্বর:	পদের নাম: .... প্রার্থীর নাম: .... মাতার নাম: .... পিতার নাম: ....
লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময়: পরীক্ষা কেন্দ্রের নাম: পরীক্ষার তারিখ ও সময়:	স্থায়ী ঠিকানা: বাসা ও সড়ক (নাম/নম্বর): গ্রাম/পাড়া/মহল্লা : ইউনিয়ন/ওয়ার্ড : ডাকঘর : পোস্টকোড নম্বর : উপজেলা/থানা : জেলা :

তাঁকে ওপরে বর্ণিত স্থান, তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই কেবল ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই পরবর্তী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(০২) লিখিত পরীক্ষার ফলাফল এবং ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়সহ প্রয়োজনীয় তথ্য রাজশাহী বিভাগের ওয়েবসাইট www.rajshahidiv.gov.bd ও রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনারের কার্যালয়ের ওয়েবসাইট www.rmp.gov.bd-এ প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হবে।

(০৩) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সহ প্রয়োজনীয় তথ্য রাজশাহী বিভাগের ওয়েবসাইট www.rajshahidiv.gov.bd এবং রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনারের কার্যালয়ের ওয়েবসাইট www.rmp.gov.bd-এ প্রকাশ করা হবে। চূড়ান্ত নির্বাচিত প্রার্থীগণকে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে অবহিত করা হবে।

....
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সিল

....
আবেদনকারীর স্বাক্ষর

সাধারণ নির্দেশনাসমূহ:

১। প্রবেশপত্র ব্যতিত কাউকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় এই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। নতুন কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
২। পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।
৩। **মোবাইল ফোন, ক্যালকুলেটরসহ যেকোন ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস এবং কোন ধরনের বই পুস্তক সঙ্গে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না।**
৪। আবেদনপত্র, হাজিরা শিট, উত্তরপত্র (খাতা) এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষরে গরমিল পরিলক্ষিত হলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
৫। মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সার্টিফিকেট ও রেকর্ডপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং উক্ত কাগজপত্রের সত্যায়িত (সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সিলে সুস্পষ্ট নাম ও পদবি থাকতে হবে) ছায়ালিপি ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
৬। ব্যবহারিক/লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।